



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৭৬/২১

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

শ্রেণি বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম' এর ০১ সক্রিয় সদস্য শ্রেণিতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ২৫ আগস্ট ২০২১ খ্রি: তারিখ ১৯:০০ ঘটিকার সময় গাজীপুর মেট্রোপলিটনের গাছা থানাধীন শরিফপুর এলাকায় অভিযান পরিচালনা করে 'আনসারুল্লাহ বাংলা টিম' এর ০১ সক্রিয় সদস্যকে শ্রেণিতার করেছে। শ্রেণিতারকৃত আসামী - মো. শরিফুল ইসলাম (১৯), পিতা: মো. শাহাদত হোসেন, মাতা: সুফিয়া বেগম, গ্রাম- পন্ডিত পুকুর, থানা- নন্দীগ্রাম, জেলা: বগুড়া। ধৃত আসামী ডিএমপির কামরাঙ্গীরচর থানার মামলা নং-৩২, তারিখ: ১৫/০৩/২০২১ খ্রি: আটককৃত 'আনসারুল্লাহ বাংলা টিম' এর সক্রিয় সদস্য মো: পারভেজ এর অন্যতম সহযোগী হিসেবে একসাথে উগ্রপন্থী কার্যক্রম পরিচালনা করে আসছিল। এটিইউর অভিযানে মো. পারভেজ কামরাঙ্গীর চর থেকে শ্রেণিতার হওয়ায় সে অবস্থান পরিবর্তন করে এবং পুরানো ও নতুন সদস্যদের সংগঠিত করার কাজ চালিয়ে যাচ্ছিল।

শ্রেণিতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন, বিভিন্ন উগ্রপন্থী কন্টেন্ট, সাংগঠনিক আলাপ-আলোচনা ও পরিকল্পনা সংক্রান্ত স্ক্রিনশটের প্রিন্ট কপি ডিজিটাল এভিডেন্স হিসাবে জব্দ করেছে।

শ্রেণিতারকৃত মো. শরিফুল ইসলাম সোশ্যাল মিডিয়া ও এনক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে উগ্রপন্থী মতবাদ প্রচার এবং অন্যদের জঙ্গীবাদে জড়াতে উৎসাহিত করে সশস্ত্র জিহাদে অংশগ্রহণ ও প্রশিক্ষণ গ্রহণ করার পরিকল্পনা করে আসছিলো। শ্রেণিতারকৃত আসামী ও তার সহযোগীগণ ইতিপূর্বে শ্রেণিতারকৃত এবিটি সদস্য মো. পারভেজ এর সাথে সম্পৃক্ত থেকে রাষ্ট্রবিরোধী প্রচার-প্রচারণা, গণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে সংহতি, জননিরাপত্তা বিপন্ন ও জনমনে আতঙ্ক সৃষ্টির পরিকল্পনা করায় তাকে ডিএমপির কামরাঙ্গীরচর থানার মামলা নং- ৩২, তারিখ: ১৫/০৩/২০২১ খ্রি: তে শ্রেণিতার দেখানো হয়েছে।


২৬/০৮/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা
E-mail: atu.spma@police.gov.bd